# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৭২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৮. উযুর অবশিষ্ট পানি এবং উযুর সময় পানি দিয়ে সম্পূর্ণ পা ধৌত করার বর্ণনা

بَابُ مَا رُوِيَ فِي فَضْلِ الْوُضُوءِ ، وَاسْتِيعَابِ جَمِيعِ الْقَدَمِ فِي الْوُضُوءِ بِالْمَاءِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يُوسُفُ بْنُ مُوسَى الْقَطَّانُ ، نَا أَبُو الْوَلِيدِ ، وَثنا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، نَا مُحَمَّدُ بْنُ أَيُّوبَ الرَّازِيُّ ، نَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ ، وَحَدَّثَنَا أَبُو سَهْلٍ أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ زِيَادٍ ، نَا عَبْدُ الْكَرِيمِ بْنُ الْهَيْثَمِ ، نَا أَبُو الْوَلِيدِ ، نَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ أَخْبَرَنَا شَدَّادٌ أَبُو عَمَّارٍ ، وَكَانَ قَدْ أَدْرَكَ نَفَرًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ : قَالَ أَبُو أُمَامَةَ لِعَمْرِو بْنِ عَبَسَةَ : بِأَيِّ شَيْءٍ تَدَّعِي أَنَّكَ رُبُعُ الْإِسْلَامِ ؟ فَذَكَرَ الْحَدِيثَ بِطُولِهِ ، قَالَ عَمْرُو بْنُ عَبَسَةَ : قُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، أَخْبِرْنِي عَنِ الْوُضُوءِ ، قَالَ : " مَا مِنْكُمْ مِنْ رَجُلٍ يُقَرِّبُ وَضُوءَهُ ، ثُمَّ يُمَضْمِضُ ، وَيَسْتَنْشِقُ ، وَيَنْتَثِرُ إِلَّا خَرَّتْ خَطَايَا فِيهِ وَخَيَاشِيمِهِ مَعَ الْمَاءِ ، ثُمَّ يَغْسِلُ وَجْهَهُ كَمَا أَمَرَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ إِلَّا خَرَّتْ خَطَايَا وَجْهِهِ مِنْ أَطْرَافِ لِحْيَتِهِ مَعَ الْمَاءِ ثُمَّ يَغْسِلُ يَدَيْهِ إِلَى مِرْفَقَيْهِ إِلَّا خَرَّتْ خَطَايَا يَدَيْهِ مِنْ أَنَامِلِهِ مَعَ الْمَاءِ ، ثُمَّ يَمْسَحُ بِرَأْسِهِ إِلَّا خَرَّتْ خَطَايَا رَأْسِهِ مِنْ أَطْرَافِ شَعْرِهِ مَعَ الْمَاءِ ، ثُمَّ يَغْسِلُ قَدَمَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ؛ كَمَا أَمَرَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ إِلَّا خَرَّتْ خَطَايَا رِجْلَيْهِ مِنْ أَطْرَافِ أَصَابِعِهِ مَعَ الْمَاءِ ، ثُمَّ يَقُومُ ، فَيَحْمَدُ اللَّهَ عَزَّ وَجَلَّ ، وَيُثْنِي عَلَيْهِ بِمَا هُوَ أَهْلُهُ ، ثُمَّ يَرْكَعُ رَكْعَتَيْنِ إِلَّا انْصَرَفَ مِنْ ذُنُوبِهِ كَهَيْئَتِهِ يَوْمَ وَلَدَتْهُ أُمُّهُ

বাংলা

৩৭২(২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... শাদ্দাদ আবু আম্মার (রহঃ) থেকে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একদল সাহাবীর সাক্ষাৎ লাভ করেছেন। তিনি বলেন, আবু উমামা (রাঃ) আমর ইবনে আবাসা (রাঃ)-কে বললেন, তুমি কিসের ভিত্তিতে দাবি করছে যে, তুমি ইসলামের এক-চতুর্থাংশ। অতঃপর রাবী

একটি দীর্ঘ হাদীস বর্ণনা করেন। আমর ইবনে আবাসা (রাঃ) বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমাকে উযু সম্পর্কে অবহিত করুন। তিনি বলেনঃ তোমাদের কোন ব্যক্তিকে উযুর পানি দেয়া হলো, তারপর সে কুলি করলো, নাক পরিষ্কার করলো এবং নাকে পানি দিয়ে তা ঝেড়ে ফেললো, তার নাকের ছিদ্র ও মুখ গহ্বরের গুনাসমূহ পানির সাথে বের হয়ে গেল। তারপর মহামহিম আল্লাহর নির্দেশ মোতাবেক মুখমণ্ডল ধৌত করলো, তাতে তার মুখমণ্ডল ও দাড়ির আশপাশের গুনাহসমূহ পানির সাথে ঝড়ে পড়ে গেল। তারপর তার উভয় হাত উভয় কনুই সমেত ধৌত করায় উভয় হাতের গুনাহসমূহ আঙ্গুলগুলোর অগ্রভাগ দিয়ে পানির সাথে বের হয়ে গেল। তারপর তার মাথা মসেহ করায় তার সমস্ত মাথার গুনাহসমূহ চুলের অগ্রভাগ দিয়ে পানির সাথে বের হয়ে গেল। তারপর আল্লাহ তায়ালার নির্দেশ মোতাবেক উভয় পা গোড়ালিসহ ধৌত করায় তার উভয় পায়ের গুনাহসমূহ আঙ্গুলগুলোর অগ্রভাগ দিয়ে পানির সাথে বের হয়ে গেল। তারপর সে দাঁড়িয়ে মহামহিমান্বিত আল্লাহর যথোপযুক্ত প্রশংসা ও গুণগান করলো, তারপর দুই রাআত নামায পড়লো, তাতে সে তার জন্মদিনের মতো নিস্পাপ হয়ে গেল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ শাদ্দাদ আবু আম্মার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80161

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন